

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: ইনোভেশন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর আওতায় ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং হিসেবে বাস্তবায়নের নিমিত্তে এ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নূরুল আলম
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার তারিখ : ০৮-১২-২০২০ খ্রি:
সময় : ১০.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক ৬.১.১ অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জাঃ ১৯-১২-২০২০ তারিখের মধ্যে জারি করার বাধ্যবাধকতা রয়েছে। অতঃপর তিনি বিভিন্ন শাখা/অধিশাখা হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণা উপস্থাপনের জন্য এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলামকে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে এ পর্যায়ে এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিভিন্ন শাখা হতে ইনোভেশন কর্মপরিকল্পনার জন্য প্রাপ্ত ধারণাসমূহ হতে মোট ১২টি উদ্ভাবনী উদ্যোগ তালিকা চূড়ান্ত করে গত ০২-১১-২০২০ তারিখে এ বিভাগের তথ্য বাতায়নে প্রকাশ করা হয়। এর মধ্য থেকে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক ৬.১.১ অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং বাস্তবায়নের জন্য বাছাই করা যেতে পারে। তথ্য বাতায়নে প্রকাশিত উদ্ভাবনী উদ্যোগের চূড়ান্ত তালিকা উপস্থিত সকল সদস্যকে প্রদান করা হয়।

০৩। এ পর্যায়ে চূড়ান্তকৃত ১২টি উদ্ভাবনী উদ্যোগ পর্যালোচনা করা হয়। পর্যালোচনাস্তে তালিকাটির ১১নং ক্রমিকের নাম “Perception Livelihood Survey” এর নাম “Rapid Survey Through Call On Screen Mode” এ পরিবর্তন করে উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং হিসেবে বাস্তবায়ন করার পক্ষে উপস্থিত সকল সদস্য মত দেন।

০৪। অতঃপর সভাপতি জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক ১১.১.১ অনুযায়ী ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়নের কথা উল্লেখ রয়েছে। এর পরিপ্রেক্ষিতে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ ম্যানুয়াল ব্যানারের পরিবর্তে ডিজিটাল ব্যানার চালুকরণ এবং “Meeting Scheduler & Notification System” চালুকরণ উদ্যোগ ০২টি উদ্ভাবনী উদ্যোগের চূড়ান্ত তালিকায় থাকলেও তা পরিবর্তন করে ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়নের পক্ষে উপস্থিত সকলে মত দেন।

০৫। এ পর্যায়ে সভাপতি ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক ৯.১.১ অনুযায়ী উদ্ভাবকগণকে দেশের বিভিন্ন সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামের অংশ হিসেবে সচিব মহোদয়ের অনুমোদন সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে অভিমত দেন।

০৬। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং হিসেবে “Rapid Survey Through Call On Screen Mode” উদ্যোগটি বাস্তবায়ন।
- ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়নের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষে ম্যানুয়াল ব্যানার পরিবর্তে ডিজিটাল ব্যানার চালুকরণ এবং “Meeting Scheduler & Notification System” চালুকরণ।

অপর পৃষ্ঠায়

